গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

## গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ রাসেল মিয়া, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রশাসক, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | : | ২৭/০৮/২০২৪, সময় : সকাল ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রম উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় গত ০৮/০৭/২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কোন সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। | সকল দপ্তর |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, প্রত্যেকদিন বর্জ্য অপসারণ না হওয়ায় পরিবেশ দুষিত হচ্ছে। তিনি প্রতিদিন হাসপাতালের সকল বর্জ্য অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। হাসপাতালের বর্জ্য প্রত্যেকদিন অপসারণের বিষয়ে আলোচনা করা হয়। | হাসপাতালের বর্জ্য প্রত্যেকদিন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, গোবিন্দগঞ্জ পৌরসভা মহোদয়ের দৃষ্টি আকর্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, গোবিন্দগঞ্জ পৌরসভা এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | এধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস অফিসার জানান যে, , ৫ই আগস্টের হামলায় মৎস্য অফিসের ০৩ টি কক্ষের দরজা ভেঙ্গে অফিসের যাবতীয় আসবাবপত্র, ডেকোরেশন,বাসনপত্র,০২ টি ডেক্সটপ কম্পিউটার, ০২ টি ল্যাপটপ, ০৩ টি প্রিন্টার, ০২ টি স্ক্যানার,০১ টি ডিজিটাল ফটোকপিয়ার,১৭ টি ট্যাব,০১ টি প্রজেক্টর, ০১ টি অণুবিক্ষণ যন্ত্র,০১ টি ওয়িং মেশিন,০২ টি ইন্টারনেট রাউটার,০১ টি টেলিফোন সেট,অফিসের সকল নথি ও রেজিস্টার,০২ টি চেকবহি,০১ টি মোটর সাইকেল, ৫৩টি বাইসাইকেল লুট হয় । সকল ক্ষয়ক্ষতির আর্থিক মূল্য প্রায় ১৯,০০,০০০( উনিশ লক্ষ )টাকা। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস অফিসার |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, খামারিদের গোবাদি পশুর ঔষধের প্রয়োজন। কিন্তু বরাদ্দ না থাকায় সরবরাহ করা যাচ্ছে না। এবিষয়ে আলোচনা করা হয়। | ঔষধ সংগ্রহের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কর্মকর্তা জানান যে,০৫ই আগস্টের হামলা ও অগ্নিকান্ডে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। অত্র কার্যালয়ের সমস্ত আসবাবপত্র, টিআর,কাবিখা/ কাবিটা,ইজিপিপি,মানবিক সহায়তার ক্যাশবহি, মাস্টাররোল, অডিট রেজিস্টার,নথিপত্রসমূহ, অন্যান্য রেজিস্টার,পুরাতন নথিপত্র, অফিস সহকারী জনাব সত্য চরন বর্মন এর হেফাজতে থাকা দুদক জব্দকৃত ২০১৬-১৭ অর্থ বছরের জিআর সংক্রান্ত নথিপত্রসমূহ, কম্পিউটার সামগ্রী,আর্থিক লেনদেন সংক্রান্ত ক্যাশবহি,চেকবহি,পে-অর্ডার ও অন্যান্য যাবতীয় নথিপত্রসমূহ বিনষ্ট ও লুট হয়ে যায়। যার ফলে প্রায় ১৭,৭৩,৩০০(সতের লক্ষ তিয়াত্তর হাজার তিনশত ) টাকার ক্ষয়ক্ষতি হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ৫ই আগস্টের হামলায় সমাজসেবা অফিসের সকল আসবাবপত্র, দরজা, জানালা, ডেকোরেশন, ফ্যান, লাইট, কম্পিউটার সামগ্রী,সকল প্রকার দলিলপত্র,নথি ভাঙচুর ও লুট করে। যাহার ফলে প্রায় ৩০০০০০(তিন লক্ষ) টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

CS CamScanner

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>[illegible]</th></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা শিক্ষা অফিস</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ৫ই আগস্টের পরবর্তী সময়ে অফিসে রক্ষিত কম্পিউটার, ল্যাপটপ,ক্যামেরা বিভিন্ন আসবাবপত্র, দরজা/জানালা ভাংচুর আনুমানিক =১১০০০০০.০০ টাকার ক্ষতি সাধিত হয়েছে।</td><td>উপকরণ সহ ক্ষতিগ্রস্ত অফিসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</td><td>[illegible]</td></tr>
<tr><td>০৯</td><td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর</td><td>ক) রাজস্ব তহবিল<br>উপজেলা প্রকৌশলী(এলজিইডি) সভায় জানান গত ০৫ আগস্ট ২০২৪ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ,এলজিইডি সহ উপজেলা পরিষদে অবস্থিত দপ্তরসমূহে দুষ্কৃতিকারী কর্তৃক অফিস ভাংচুর,লুটপাট, অগ্নিসংযোগ ও সরকারি নথিপত্র, কম্পিউটার, মালামাল চুরি করায় ব্যাপক ক্ষতিসাধন হয়েছে। তিনি আরও জানান উপজেলা উপজেলা নির্বাহী অফিসার,এলজিইডি সহ উপজেলা পরিষদে অবস্থিত দপ্তরসমূহের মোট =২,৭৭,৫৪,৫৫০.০০ ক্ষতিসাধিত হয়েছে (তালিকা সংযুক্ত) যা সকল দপ্তরের পক্ষ হতে সরকারে জানানো হয়েছে। উপজেলা পরিষদের কার্যক্রম স্বাভাবিক করার জন্য অগ্রাধিকারভিত্তিতে কিছু কাজ তাৎক্ষণিকভাবে করা প্রয়োজন।
<table>
<tr><th>ক্রমিক</th><th>কাজের বিবরণ</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ ভবনের উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও পুনঃস্থাপন।</td><td>১০,০০,০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ ভবন(পুরাতন)) অবস্থিত অফিসসমূহের কক্ষ মেরামত, সংস্কার ,রং করণ এবং উপজেলা পরিষদ ভবনের(নতুন)৪র্থ তলার আসবাবপত্র ক্রয় ও প্রতিস্থাপন।</td><td>৫,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা নির্বাহী অফিসার অফিস ও উপজেলা প্রকৌশল অফিসে অফিস সরঞ্জামাদি সরবরাহ (কম্পিউটার ৩টি,প্রিন্টার ২টি,স্ক্যানার ২টি)</td><td>৩,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা নির্বাহী অফিসার অফিস ও উপজেলা প্রকৌশল অফিসে আসবাবপত্র সরবরাহ(চেয়ার ৮টি,টেবিল ২টি, সেলফ ২টি,)</td><td>৩,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা নির্বাহী অফিসার বাসভবন সহ উপজেলা পরিষদ চত্বর পরিষ্কার ও উপজেলা পরিষদ ভবন(পুরাতন) এর ২টি সেফটি ট্যাংক স্থাপন</td><td>১,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা পরিষদ ভবন,চত্বর,এবং উপজেলা নির্বাহী অফিসার বাসভবনে ২৭টি সিসি ক্যামেরা স্থাপন।</td><td>৩,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা পরিষদ ভবন (নতুন) ১টি ও উপজেলা নির্বাহী অফিসার বাসভবন ১টি পানির পাম্প স্থাপন।</td><td>৪,৯২,০০০.০০</td></tr>
<tr><td>০৮</td><td>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ ও মেরামত করণ</td><td>৫০,০০০.০০</td></tr>
<tr><td></td><td>মোট:</td><td>৩০,৪২,০০০.০০</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা পরিষদ নতুন ভবনের ১ম ,২য়,৩য় তলায় অবস্থিত অফিস সমূহের আসবাবপত্র ক্রয়, মেরামত ও জানালা গ্লাস পুনঃস্থাপন</td><td>১২,০০,০০০.০০</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা পরিষদের চলমান মেরামত, সংস্কার, রংকরণ ও সাইন সিস্টেম স্থাপন</td><td>১০০০০০০.০০</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা পরিষদের কনফারেন্স রুমের সাউন্ড সিস্টেম এবং হল রুমের আসবাবপত্র ক্রয় এবং পুনঃস্থাপন</td><td>৮,০০,০০০.০০</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের গ্যারেজ ও টয়লেট নির্মাণ</td><td>৫০০০০০.০০</td></tr>
<tr><td></td><td>মোট:</td><td>৩৫,০০,০০০.০০</td></tr>
</table>
খ) ০১। উন্নয়ন তহবিল(রাজস্ব উদ্বৃত্ত)।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, স্থানীয় ছাত্র ও জনসাধারণের চাহিদার প্রেক্ষিতে যৌক্তিকতা বিবেচনা পূর্বক নিম্নলিখিত প্রকল্পটি গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।
<table>
<tr><th>ক্রমিক</th><th>কাজের বিবরণ</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>পাবলিক লাইব্রেরির চলমান সংস্কার, রং করণ, ফার্নিচার ক্রয় এবং বই ক্রয়।</td><td>৫০০০০০.০০</td></tr>
</table>
খ) ০২। উন্নয়ন তহবিল(রাজস্ব উদ্বৃত্ত)।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, বিগত ০৫/০৮/২০২৪ তারিখে দুষ্কৃতিকারী কর্তৃক ভাংচুর,লুটপাট ও অগ্নিসংযোগ করার পর জুলাই ২০২৪ মাসের উপজেলা পরিষদের সভার অনুমোদনকৃত সকল প্রকল্পের নথি বিনষ্ট হওয়ায় কাজের বাস্তবায়নের স্বার্থে ভূতাপেক্ষভাবে পুনরায় চুক্তি সম্পাদন পূর্বক বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়।</td><td>ক) ০১। উপজেলা পরিষদে অবস্থিত অফিস সমূহের কার্যক্রম দ্রুত চালু করার লক্ষ্যে রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার উল্লিখিত ক. উপজেলা পরিষদ ভবন ও বাসভবন মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ০১ নং ক্রমিকে বর্ণিত কাজটি।<br>খ. আসবাবপত্র খাত হতে ০২নং ক্রমিকে বর্ণিত কাজটি। গ. অফিস সরঞ্জামাদি ক্রয় খাত হতে ০৩ নং বর্ণিত কাজটি। ঘ. আসবাবপত্র খাত হতে ০৪নং ক্রমিকে বর্ণিত কাজটি। ঙ. পয়ঃ ব্যবস্থাপনা খাত হতে ০৫নং ক্রমিকে বর্ণিত কাজটি চ. ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে ০৬নং ক্রমিকে বর্ণিত কাজটি<br>ছ. পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত হতে ০৭নং ক্রমিকে বর্ণিত কাজটি।<br>জ. অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ /মেরামত খাত হতে ০৮নং ক্রমিকে বর্ণিত কাজগুলো বাস্তবায়ন করা হবে ও ভবিষ্যৎ নিরীক্ষার বিধি-মোতাবেক রাজস্ব তহবিল খাত হতে সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের/কাজের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) ০২। উপজেলা পরিষদে অবস্থিত অফিস সমূহের কার্যক্রম দ্রুত স্বাভাবিক করার লক্ষ্যে উপরে বর্ণিত খাত সমূহের অর্থ ব্যবহারের পর অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে বর্ণিত ০৯-১২ নং কাজ সমূহ বাস্তবায়নের নিমিত্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার উল্লিখিত ক্রয় সীমার অতিরিক্ত অর্থ ব্যয়ের ভূতাপেক্ষিক অনুমোদনের জন্য প্রকল্প ,প্রাক্কলন সহ সচিব,স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবরে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ (১)। আলোচনান্তে ,স্থানীয় ছাত্র ও জনসাধারণের চাহিদা ও যৌক্তিকতা বিবেচনায় পাবলিক লাইব্রেরির চলমান সংস্কার,ফার্নিচার ক্রয়, রং করণ, বই ক্রয় কাজটি ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে (আরএফকিউ) পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ (২)। ভূতাপেক্ষভাবে পুনরায় চুক্তি সম্পাদন পূর্বক জুলাই ২০২৪ মাসে উপজেলা পরিষদের সভায় অনুমোদনকৃত প্রকল্পসমূহের কাজ সম্পাদন পূর্বক বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ০৫ আগস্টের হামলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ে হামলার ফলে সকল আসবাবপত্র,যাবতীয় নথি,রেজিস্টারসমূহ, পুরাতন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী, আর্থিক লেনদেন সংক্রান্ত ক্যাশবহি, চেকবহি ইত্যাদি লুটতারজসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের ব্যাপক ক্ষয়ক্ষতি করে । যাহার অনুমানিক ক্ষতির পরিমান প্রায় ১৪,০০,০০০ ( চৌদ্দ লক্ষ ) টাকা । উক্ত ঘ .য় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ৫ই আগস্টের হামলায় উপজেলা পরিষদ অন্যান্য অফিসের সাথে উপজেলা মহিলা বিষয়ক অফিসেও হামলা চালিয়ে অফিসে রক্ষিত যাবতীয় আসবাবপত্র, অফিস ডেকোরেশন, ০১ টি মোটরসাইকেল,০২ টি কম্পিউটার,১০ টি সেলাইমেশিন ( ২টি ইনডাস্ট্রিয়াল,০৮ টি পা চালিত) ,কিশোর কিশোরি ক্লাবের ৫৪০ সেট জার্সি/ক্যারাতে পোষাক, যাবতীয় নথি,রেজিস্টারসমূহ, চেকবহি, পুরাতন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী ইত্যাদি ভাংচুর, বিনষ্ট ও লুট করে। যাহার ফলে প্রায় ১১০০,০০০(এগার লক্ষ) টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | সহকারী প্রকৌশলী জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | অফিসের সকল কার্যক্রম যথানিয়মে করতে হবে | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, গত ০৫ আগস্ট ২০২৪ দুস্কৃতিকারী কর্তৃক অফিস ভাংচুর ও আসবাবপত্র লুট করায় আনুমানিক =৩,৫২,০০০.০০ টাকার ক্ষতিসাধন হয়েছে। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৪ | ফরেস্ট সামাজিক বনায়ন কেন্দ্র | উপজেলা ফরেস্টার জানান যে, গত ০৫ আগস্ট ২০২৪ দুস্কৃতিকারী কর্তৃক অফিস ভাংচুর ও আসবাবপত্র লট করায় আনুমানিক =৩১,২০,০০০.০০ টাকার ক্ষতিসাধন হয়েছে। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান যে, ৫ই আগস্টের হামলায় খাদ্য নিয়ন্ত্রক অফিসে অগ্নিসংযোগ করা হয়। দপ্তরের ০৩ টি কক্ষেই অগ্নিসংযোগের ফলে দপ্তরের সকল আসবাবপত্র,কর্মকর্তাদের সকল রেকর্ডপত্রাদি,দরজা, টেবিল, চেয়ার, কম্পিউটার সামগ্রীসহ সকল কিছু কিছু ভষ্মিভূত হয়। উল্লেখ্য যে, খাদ্য বিভাগীয় একাউন্টেবল ডকুমেন্টের বিলি আদেশ বহি আংশিক ০১ খানা এবং সম্পূর্ণ ০১ খানা অব্যবহৃত পাতা নং-(১) ৭৯৭৮৮৮১ হতে ৭৯৭৯৯০০ এবং (২) ৭৯৭৮৯০১ হতে ৭৯৭৮৯৫০ পর্যন্ত বিলি আদেশ বহি গুলি দপ্তরে সংরক্ষিত ছিল,সেগুলোরও কোন অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ১০,৯৬,২০০( দশ লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত টাকা মাত্র)। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা |
| ১৬ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় অফিসার জানান যে, ৫ই আগস্টের হামলায় উপজেলা পরিষদ পুরাতন ভবনের সকল অফিসের সাথে সমবায় অফিসেও হামলা চালিয়ে অফিসে রক্ষিত যাবতীয় আসবাবপত্র,অফিস ডেকোরেশন,০২ টি মোটরসাইকেল, একিজন কর্মী জনাব মোঃ আকবর আলী, সহকারী পরিদর্শক এর সার্ভিস বহি, যাবতীয় নথি,রেজিস্টারসমূহ, পুরাত ন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী, আর্থিক লেনদেন সংক্রান্ত ক্যাশবহি, চেকবহি ইত্যাদি ভাংচুর, বিনষ্ট ও লুট করে । যাহার ফলে প্রায় ১০০০০০০(দশ লক্ষ) টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, , ৫ই আগস্টের হামলায় উপজেলা পরিষদ পুরাতন ভবনের সকল অফিসের সাথে উপজেলা পরিসংখ্যান অফিসেও হামলা চালিয়ে অফিসে রক্ষিত যাবতীয় আসবাবপত্র,অফিস ডেকোরেশন, যাবতীয় নথি,রেজিস্টারসমূহ, পুরাতন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী,ল্যাপটপ, ওয়ালটন ট্যাব( অর্থনৈতিক সুমারীর) আর্থিক লেনদেন সংক্রান্ত ক্যাশবহি, চেকবহি ইত্যাদি ভাংচুর, বিনষ্ট ও লুট করে । যাহার ফলে প্রায় ৮০০০০০(আট লক্ষ) টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৮ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন গোবিন্দগঞ্জ কার্যালয় উপজেলা চেয়ারম্যান বিল্ডিং-এ অবস্থান করিতেছে। উক্ত বিল্ডিং দীর্ঘদিন যাবৎ মেরামত না করার কারণে তা অনুপযোগী হয়ে পরেছে। তাই বিল্ডিং টি সংস্কার করার অনুরোধ করা হয়। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯ | সহকারী প্রকৌশলী বরেন্দ্র | সহকারী প্রকৌশলী জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | এধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশল |

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই । | এধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশল |
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। স্বাস্থ্য সংক্রান্ত বিষয়াদি সার্বক্ষনিক মনিটরি করা হচ্ছে । কোন সমস্য নেই। | এধারা অব্যাহত রাখতে হবে। এধারা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২২ | অফিসার ইনচার্জ গোবিন্দগঞ্জ থানা | অফিসার ইনচার্জ গোবিন্দগঞ্জ থানা জানান যে, বর্তমানে গোবিন্দগঞ্জ উপজেলা আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এধারা অব্যাহত রাখাসহ গোবিন্দগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং উপজেলাকে মাদক মুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। | অফিসার ইনচার্জ গোবিন্দগঞ্জ থানা |
| ২৩ | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, ০৫ই আগস্ট সকল অফিসের সাথে উপজেলা আনসাব ও ভিডিপি কার্যালয়ে অগ্নিসংযোগ করা হয়। ফলে অফিসে রক্ষিত ৯০০ সেট সরকারী ফুল পোষাক( মূল্য জানা নেই),৪০০ টি মহিলাদের সরকারী শাড়ি এবং ৫০০ টি লাঠি ( মূল্য জানা নেই), অফিস ডেকোরেশন,যাবতীয় নথি,রেজিস্টার, পুরাতন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী, আর্থিক লেনদেন সংক্রান্ত চেকবহি,ক্যাশবহি,রেজিস্টার ইত্যাদি আগুনে পুড়ে বিনষ্ট হয়। যাহার ফলে প্রায় ৪,০১,৩৫০( চার লক্ষ এক হাজার তিনশত পঞ্চাশ) টাকার ক্ষতিসাধন হয় । উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। গোবিন্দগঞ্জ উপজেলা যাতে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ থাকে সেদিকে সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিদ্যুতের লোড সেডিং যাতে না হয় সেদিকে সজাগ দৃস্টি রাখতে হবে । | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৫ | উপজেলা আইসিটি অফিস | উপজেলা আইসিটি অফিসার জানান যে, ৫ই আগস্টের হামলায় উপজেলা পরিষদ পুরাতন ভবনের সকল অফিসের সাথে উপজেলা আইসিটি অফিসেও হামলা চালিয়ে অফিসে রক্ষিত যাবতীয় আসবাবপত্র,অফিস ডেকোরেশন, যাবতীয় নথি,রেজিস্টারসমূহ, পুরাতন রেকর্ডপত্র, কম্পিউটার সামগ্রী, আর্থিক লেনদেন সংক্রান্ত ক্যাশবহি, চেকবহি ইত্যাদি ভাংচুর, বিনষ্ট ও লুট করে । যাহার ফলে প্রায় ৪০০০০০(চার লক্ষ) টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আইসিটি অফিসার |
| ২৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। সংবাদ পাওয়ার সাথে সা স্থানে দ্রুত পৌছানোর জন্য সকলকেই সার্বক্ষনিক সর্তক অবস্থায় দায়িত্ব পালন করে আসছেন। | এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টেশন অফিসার |
| ২৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অফিস | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অফিসার জানান যে, ৫ই আগস্টের হামলায় উপজেলা পরিষদ পুরাতন ভবনের সকল অফিসের সাথে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অফিসেও হামলা চালিয়ে অফিসে রক্ষিত যাবতীয় আসবাবপত্র,০১ টি ফ্যান,০১ টি ব্রাদার্স প্রিন্টার, কম্পিউটার সামগ্রী, প্রকল্পের নথিপত্র ইত্যাদি ভাংচুর, বিনষ্ট ও লুট করে । যাহার ফলে প্রায় ৪০০০০( চল্লিশ হাজার)টাকার ক্ষতিসাধন হয়। উক্ত ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। | দ্রুততার সহিত স্বাভাবিক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/11/24

মো: রাসেল মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা প্রশাসক
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং [illegible]

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১ : মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ : সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩ : বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ : জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫ : উপজেলা ........................ কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
০৬ : চেয়ারম্যান ........................ ইউনিয়ন (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

২৭/৮/২৪
মো. [illegible] মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।